



EMBASSY OF THE  
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH  
MANAMA, KINGDOM OF BAHRAIN



প্রেস রিলিজ

আন্তর্জাতিক দূতাবাস বাজার, বাহরাইন-এ বাংলাদেশ স্টল প্রশংসিত

মানামা, ০৩ মার্চ ২০২২

০৩ মার্চ বাহরাইনে শিশু ও মাতৃকল্যাণ সোসাইটির (Children and Mothers Welfare Society) সদর দপ্তরে 'আন্তর্জাতিক দূতাবাস বাজার-২০২২' অনুষ্ঠিত হয়। জাতীয় আর্টস কাউন্সিল (National Council of Arts) এর প্রেসিডেন্ট-এর সহধর্মিণী শাইখা লুলু আল-কারীমাহ এ মেলার উদ্বোধন করেন। প্রতি বছরের ন্যায় এ মেলায় অংশ নিয়েছে বাংলাদেশ দূতাবাস।

বাহরাইনে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূতের সহধর্মিণী মিসেস নাজমুন নাহার হাবীব দূতাবাসের কর্মকর্তাদের স্ত্রীদের সাথে নিয়ে এ মেলায় বাংলাদেশ স্টল পরিচালনা করেন। বিদেশী রাষ্ট্রসমূহের কূটনীতিকদের স্ত্রীগণ, কূটনীতিকবর্গ ও তাঁদের পরিবারের সদস্যসহ বাহরাইন রাজ পরিবারের সদস্যগণের বিপুল উপস্থিতিতে সকাল ১০ টা হতে শুরু হয়ে বিকাল ৪ টা পর্যন্ত এই মেলা চলে। এ মেলায় বাহরাইনস্থ সকল দূতাবাস তাঁদের ঐতিহ্যবাহী পণ্য বা খাবারের স্টল নিয়ে বসে। এর মধ্যে বাংলাদেশের হস্তশিল্প, নকশী কাঁথা এবং বাংলাদেশী এনজিও তরঙ্গের হরেক রকমের হাতের তৈরি পাটজাত পণ্য কেনার লক্ষ্যে বাংলাদেশ স্টলে বিদেশীদের ভীড় ছিল চোখে পড়ার মতো।

বাহরাইনে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত ড. মুহাম্মদ নজরুল ইসলাম 'বাংলাদেশ স্টল' সহ এ মেলার বিভিন্ন স্টল ঘুরে দেখেন। তিনি বলেন, "মানবতার কল্যাণে অর্থ সংগ্রহের লক্ষ্যে প্রতিবছরই 'শিশু ও মাতৃকল্যাণ সোসাইটি' এ মেলার আয়োজন করে থাকে যা সত্যিই প্রশংসনীয় এবং এ রকম অনন্য উদ্যোগে বাংলাদেশ স্টলের সক্রিয় অংশগ্রহণ ও ভূমিকা মানবিক কূটনীতিতে আন্তর্জাতিক অঙ্গনে বাংলাদেশের অবস্থান সুদৃঢ় করেছে"। বাংলাদেশের কৃষ্টি, সংস্কৃতি, আতিথেয়তা ও ঐতিহ্য আন্তর্জাতিক অঙ্গনে তুলে ধরার ক্ষেত্রে এ বাজার গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে মর্মে তিনি অভিমত ব্যক্ত করেন।

\*\*\*



মুজিববর্ষের কূটনীতি ৷ প্রগতি ও সম্প্রীতি

Mujib Year's Diplomacy ৷ Friendship & Prosperity

Address: House # 71, Qufool Avenue, Salihya # 356, P.O. Box # 26718, Manama, Bahrain  
Tel: 973-17233925 Fax: 973-17233683, 973-17232819, E-mail: mission.manama@mofa.gov.bd